

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের চতুর্থ বর্ষের ফল প্রকাশ, দেখবেন যেভাবে

অনলাইন ডেক্স

১৪ নভেম্বর ২০২৫, ০৮:০৬ এএম



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এতে পাশের হার ৬৮ দশমিক ৬৭ শতাংশ।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) রাত পৌনে ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এই ফলাফল প্রকাশিত হয়।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিডিকেটের অনুমোদন সাপেক্ষে এ ফল প্রকাশ করা হয়। পরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল করিম স্বাক্ষরিত এক বিজ্ঞিতে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফলাফল একাডেমিক কাউন্সিল ও সিডিকেটের অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হলো।

এ পরীক্ষায় ৩১টি অনার্স বিষয়ে ৮৭৩ টি কলেজের ২ লাখ ৫৬ হাজার ৫৯১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এ পরীক্ষার গড় পাশের হার ৬৮ দশমিক ৬৭ শতাংশ।

পরীক্ষার ফল দেখার পদ্ধতি জানিয়ে বলা হয়, ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd](http://www.nu.ac.bd) এবং <http://result.nu.ac.bd>) এ রাত পৌনে ১১টা থেকে পাওয়া যাচ্ছে।

উল্লেখ্য, ৪ বছরের সমষ্টির ফলাফল (সিজিপিএ) অতিসত্ত্ব প্রকাশ করা হবে বলে জানা গেছে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসঙ্গতি বা ভুলগ্রন্থি পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফলাফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে থাকে বলে ও বিশ্ববিদ্যালয় জানিয়েছে।

আমাদের সময়/এফএম